

পরীক্ষা

সব বোর্ডের সোমবারের এসএসসি ও সমমান পরীক্ষা স্থগিত

বিশেষ প্রতিবেদক ঢাকা

গত ৩০ এপ্রিল শুরু হয়েছে ২০২৩ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা প্রথম আলো ফাইল ছবি

আগামীকাল সোমবার (১৫ মে) অনুষ্ঠেয় দেশের সব কটি শিক্ষা [বোর্ডের এসএসসি](#) ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। আজ রোববার আন্তর্বিক বোর্ড সমন্বয় কমিটি এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে।

আন্তর্বিক বোর্ড সমন্বয় কমিটির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ঘূর্ণিঝড় মোখার কারণে চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল ও যশোর শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের ১৫ মের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। কিন্তু ১৫ মের পরীক্ষার প্রশ্নপত্র সব বোর্ডে অভিন্ন হওয়ায় সব শিক্ষা বোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষার সময় পরে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হবে। আর ১৬ মে থেকে পূর্ববর্ষোষ্টি সময় অনুযায়ী পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।

ছবি : সংগৃহীত

আজ বেলা সোয়া একটায় এক সংবাদ সম্মেলনে আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. আজিজুর রহমান বলেন, অতিপ্রিবল ঘূর্ণিঝড় মোখার কেন্দ্র এখন কক্সবাজার ও উত্তর মিয়ানমার উপকূল অতিক্রম করছে। আজ বেলা তিনটার দিকে এটি উপকূল পার হয়ে যেতে পারে। আর আজই সন্ধ্যার মধ্যে পুরো ঝড় মিয়ানমারের সিটুয়ের কাছ দিয়ে এই উপকূল পার হবে। মো. আজিজুর রহমান বলেন, উপকূল পার হওয়ার সময় টেকনাফ ও সেন্ট মার্টিনে প্রবল ঝোড়ো হাওয়া শুরু হয়েছে। সেন্ট মার্টিনে বাতাসের গতিবেগ ঘণ্টায় ১০০ কিলোমিটার।



